184

দৈনিক জনকণ্ঠ

তারিখ ... SEP. 3 1999
পৃষ্ঠা ৬ ... কলাম ২

## সম্পাদক সমীপে

মতামতের জন্য সম্পাদক দায়ী নন

### উচ্চ মাধ্যমিক ভূগোল -২য় পত্র বইটি বের হবে কবে?

দেশের শিক্ষাব্যবস্থায় পাঠ্য পুস্তক প্রণয়ন ও বিতরণের দায়িত্ব থাকে জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্য পুস্তক বোর্ডের। এ কাজটি অবশ্যই শিক্ষাবর্ষ শুরু হওয়ার অন্তত ২/১ মাস পূর্বেই হওয়া বাঞ্ছনীয়। ১৯৯৯-২০০০ শিক্ষাবর্ষ থেকে উচ্চ মাধ্যমিক শ্রেণীতে নতুন পাঠ্যক্রম ও পাঠ্যসূচী প্রবর্তিত হয়েছে। পাঠ্যসূচীর গ্রন্থ নির্দেশিকায় প্রফেসর মোয়াজ্জেম চৌধুরীর ভূগোল-২য় পত্র বইটি অনুমোদন পেয়েছে বলে আমরা জানি। কিন্তু ১ জুলাই '৯৯ থেকে নতুন শিক্ষাবর্ষ শুরু হলেও প্রায় দু'মাস হতে চলল এখন পর্যন্ত ভূগোল-২য় পত্র বইটি কেন বের হয়নি তা আমাদের বোধগম্য নয়। নতুন পাঠ্যসূচীতে বিষয়বস্তুর ব্যাপক পরিবর্তন এবং প্রশ্নের ধরন ও মানবন্টনে পরিবর্তন আনা হয়েছে! তাই শিক্ষার্থীরা পুরনো বইয়ের সাহায্যও নিতে পারছে না। এমনিতেই দ্বাদশ শ্রেণীর সময়কাল খুবই কম। এ অবস্থায় দেশের ভূগোল বিষয়ের শিক্ষার্থীরা কি অবস্থায় আছে তা কর্তৃপক্ষ একবার ভেবে দেখেছেন কি? তাই বইটি সত্বর বাজারজাত করার জন্য কর্তৃপক্ষের সুদৃষ্টি কামনা করছি।

*মোঃ হোসেন শহীদ*
প্রভাষক, ভূগোল বিভাগ
মধুপুর শহীদ স্মৃতি উচ্চ মাধ্যমিক বিদ্যালয়
মধুপুর, টাংগাইল।